# উপজেলা ভূমি অফিস

## শেরপুর, বগুড়া

## সিটিজেনস চার্টার (নাগরিক সনদ)

| ক্রমিক নং | নাগরিক সেবার নাম | সময়সীমা | সেবা প্রদানের পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র | সেবা প্রাপ্তির স্থান |
|---|---|---|---|---|---|
| ০১. | ভূমি উন্নয়ন কর আদায় | ০১ বৈশাখ-৩০ চৈত্র | » ভূমি মন্ত্রণালয়ের ৬ জুলাই ২০১৫ তারিখের পরিপত্র অনুযায়ী ভূমি উন্নয়ন কর আদায় সাপেক্ষে দাখিলা প্রদান করা হয়।<br>» প্রয়োজনে: www.land.gov.bd অথবা www.ldtax.gov.bd ওয়েবসাইটে জাতীয় পরিচয়পত্র ও মোবাইল নম্বর এবং জন্ম তারিখ এন্ট্রি করার মাধ্যমে। | রেকর্ডীয় খতিয়ান, জাতীয় পরিচয়পত্র ও মোবাইল নম্বর | সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি অফিস |
| ০২. | নামজারি, জমাভাগ ও জমা একত্রীকরণ (ই-মিউটেশন) | সর্বোচ্চ ২৮ দিবস | » www.land.gov.bd ওয়েবসাইট থেকে আবেদন পূরণ ও কোর্ট ফি ২০/-পরিশোধ করতে হবে।<br>» ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার প্রস্তাব/প্রতিবেদন প্রাপ্তি।<br>» নোটিশ জারির ভিত্তিতে উভয় পক্ষের শুনানি গ্রহণপূর্বক নামজারি, জমাভাগ ও জমা একত্রীকরণ অনুমোদন।<br>» অনুমোদিত হওয়ার পর ১১৫০/-ডিসিআর ফি পরিশোধ অন্তে ডিসিআর ও নামজারি খতিয়ান সংগ্রহ করতে হবে। | ১. সর্বশেষ নামজারি খতিয়ান/রেকর্ডীয় খতিয়ান (এস এ/ আর.এস)<br>২. মূল দলিলের ফটোকপি/সার্টিফাইড কপি/<br>৩. বায়া দলিল ও অনান্য প্রয়োজনীয় কাগজপত্র<br>৪. ওয়ারিশ সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) (অনধিক ০৩ মাসের মধ্যে ইস্যুকৃত)<br>৫. ভূমি উন্নয়ন কর পরিশোধের দাখিলা<br>৬. জমির চৌহদ্দিসহ কলমি নক্সা (স্বীকৃত সার্ভেয়ার)<br>৭. জাতীয় পরিচয়পত্র-এর কপি ও মোবাইল নম্বর<br>৮. আবেদনকারী/দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধি ছবি। | উপজেলা ভূমি অফিস |
| ০৩. | নামজারি রিভিউ | সাধারণত ৩০ দিন | » নামজারির ৩০ দিনের মধ্যে আবেদন প্রাপ্তির পর ইউনিয়ন ভূমি অফিসে প্রেরণ প্রতিবেদন প্রাপ্তির পর শুনানির জন্য উভয় পক্ষকে নোটিশ প্রদান।<br>» দাখিলকৃত দলিলাদি/কাগজপত্র বিবেচনা ও শুনানি গ্রহণান্তে নামজারি আদেশ রিভিউ। | ১। ২০ টাকার কোর্ট ফি সহ আবেদন<br>২। প্রয়োজনীয় দলিলাদি ও সংশ্লিষ্ট কাগজপত্র। | উপজেলা ভূমি অফিস |
| ০৪. | বিবিধ মামলা (১৩) | সাধারণত ৪৫ দিন | » আবেদন প্রাপ্তির পর প্রতিবেদনের জন্য ইউনিয়ন ভূমি অফিসে প্রেরণ।<br>» প্রতিবেদন প্রাপ্তির শুনানি গ্রহণ ও দাখিলীয় কাগজপত্রদি বিবেচনা অন্তে আদেশ প্রদান।<br>» উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিসে রেকর্ড সংশোধন ও জেলা রেকর্ড রুমে প্রেরণ। (প্রযোজ্য ক্ষেত্র) | ১। ২০ টাকার কোর্ট ফি সহ আবেদন<br>২। প্রয়োজনীয় দলিলাদি ও সংশ্লিষ্ট খতিয়ান।<br>৩। প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র/আদালতের আদেশ। | উপজেলা ভূমি অফিস |
| ০৫. | পেরিফেরিভুক্ত হাট-বাজারের (চান্দিনাভিটি) একসনা বন্দোবস্ত প্রদান ও নবায়ন | শপ লাইসেন্স প্রদানের ক্ষেত্রে সাধারণত ৪০-৪৫ দিন ও নবায়নের ক্ষেত্রে ১৫ দিন | » নির্ধারিত ফরমে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন গ্রহণ।<br>» ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার নিকট হতে প্রাপ্ত প্রস্তাবপত্র উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে জেলা প্রশাসক বরাবর প্রেরণ ও জেলা প্রশাসক মহোদয়ের অনুমোদন।<br>» লীজ গ্রহীতার সাথে বিধি মোতাবেক চুক্তিপত্র সম্পাদনপূর্বক নির্ধারিত লাইসেন্স ফি পরিশোধপূর্বক ডি.সি.আর প্রদান।<br>» বাৎসরিক লাইসেন্স নবায়নের ক্ষেত্রে লাইসেন্স গ্রহীতার আবেদনের প্রেক্ষিতে (প্রযোজ্য ক্ষেত্রে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার প্রতিবেদনের আলোকে ) নির্ধারিত হারে লাইসেন্স ফি গ্রহণ পূর্বক নবায়নের ডি.সি.আর প্রদান।<br>» সর্বোচ্চ ১/২ অর্ধ শতক (অনুমতি ব্যতীত শ্রেণি পরিবর্তন যোগ্য নয়) | ১. আবেদনপত্র<br>২. ২০ টাকার কোর্ট ফি<br>৩. ট্রেড লাইসেন্স<br>৪. জাতীয় পরিচয়পত্র-এর কপি।<br>৫. সর্বশেষ ডি সি আর কপি | জেলা প্রশাসকের কার্যালয় / উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় / উপজেলা ভূমি অফিস |
| ০৬. | ভিপি একসনা লীজ নবায়ন (কেবলমাত্র 'ক' তফসিলভুক্ত সম্পত্তির ক্ষেত্রে) | ১৫ দিন | » লীজ গ্রহীতা কর্তৃক নিধারিত ফরমে আবেদন।<br>» ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন প্রাপ্তি (প্রযোজ্য ক্ষেত্রে)।<br>» নির্ধারিত হারে লীজমানি গ্রহণপূর্বক নবায়নের নিমিত্ত ডি.সি.আর প্রদান (সর্বশেষ পরিপত্র অনুযায়ী)। | ১। ২০ টাকার কোর্ট ফি সহ আবেদন<br>২। পূর্বের ডি.সি.আর এর ফটোকপি<br>৩। বরাদ্দপত্রের ফটোকপি | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় / উপজেলা ভূমি অফিস |
| ০৭. | সরকারি জলমহল ইজারা ও ব্যবস্থাপনা | ১-৩০ চৈত্র | » সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ অনুযায়ী তিন বছর মেয়াদি ইজারা প্রদান /ইজারা বিজ্ঞপ্তি প্রদানের পর নির্ধারিত ফর্মে ৫০০ টাকার বিনিময়ে আবেদনপত্র জমা ও ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে নির্ধারিত জামানত প্রদান<br>» উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটিতে অনুমোদনের পর সংশ্লিষ্ট মৎস্যজীবী সমিতির অনুকূলে ইজারার সিদ্ধান্ত হলে নির্ধারিত মূল্য চালানের মাধ্যমে ব্যাংকে জমা প্রদান ও চুক্তিপত্র স্বাক্ষর সাপেক্ষে দখল হস্তান্তর। | ১। মৎসজীবী সমিতির বিগত ২ বছরের অডিট রিপোর্ট<br>২। ব্যাংক প্রত্যয়নপত্র | উপজেলা ভূমি অফিস |
| ০৮. | কৃষি খাস জমি বন্দোবস্ত প্রদান | সাধারণত ৬০-৯০ দিন | » কৃষি খাস জমি বন্দোবস্ত নীতিমালা, ১৯৯৭ মোতাবেক নির্ধারিত ফরমে আবেদন গ্রহণ।<br>» উপজেলা কৃষি খাস জমি বন্দোবস্ত কমিটির মাধ্যমে প্রস্তাব জেলা কৃষি খাস জমি বন্দোবস্ত কমিটির নিকট প্রেরণ।<br>» অনুমোদিত প্রস্তাবের আলোকে বন্দোবস্ত গ্রহীতার সাথে কবুলিয়ত সম্পাদন।<br>» কবুলিয়ত সম্পাদনান্তে নামজারিপূর্বক ডি.সি.আর ও খতিয়ান প্রদান এবং দখল হস্তান্তর। | ১. ছবিসহ আবেদনপত্র (আবেদকারীর ছবি স্থানীয় চেয়ারম্যান/মেম্বার দ্বারা সত্যায়িত হতে হবে)<br>২. জাতীয় পরিচয়পত্র ও নাগরিকত্ব সনদ<br>৩. ভূমিহীন সনদপত্র (দায়িত্বপ্রাপ্ত জনপ্রতিনিধি কর্তৃক প্রদত্ত) | জেলা প্রশাসকের কার্যালয় / উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় / উপজেলা ভূমি অফিস |
| ০৯. | অকৃষি খাস জমি বন্দোবস্ত প্রদান | সাধারণত ৩-৪ মাস (তবে মন্ত্রণালয়ের অনুমোদনের ওপর নির্ভর করে) | » অকৃষি খাস জমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালা, ১৯৯৫ মোতাবেক নির্ধারিত ফরমে আবেদন গ্রহণ।<br>» প্রাপ্ত বন্দোবস্ত প্রস্তাব উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ।<br>» প্রেরিত প্রস্তাব জেলা প্রশাসকের কার্যালয় হতে ভূমি মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রেরণ।<br>» ভূমি মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে বন্দোবস্ত গ্রহীতার সাথে কবুলিয়ত সম্পাদনপূর্বক নামজারি ও দখল হস্তান্তর। | ১। আবেদনপত্র<br>২। কোন সুবিধাভোগী/প্রতিষ্ঠানের হয়ে আবেদন করলে তার প্রমানপত্র<br>৩। ৩ কপি ছবি<br>৪। জাতীয় পরিচয়পত্র-এর কপি। | ভূমি মন্ত্রণালয় / জেলা প্রশাসকের কার্যালয় / উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় / উপজেলা ভূমি অফিস |
| ১০. | সরকারি খাস জমি ব্যবস্থাপনা ও খাস জমি অবৈধ দখলমুক্ত করা | ৩০ দিন | » ভূমি প্রশাসন ম্যানুয়াল ও ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়। | আইনানুসারে | উপজেলা ভূমি অফিস/ ইউনিয়ন ভূমি অফিস |
| ১১. | রেন্ট সার্টিফিকেট মামলা পরিচালনা | ৬০ দিন | » ৩ বছরের উর্ধ্বে ভূমি উন্নয়ন কর বকেয়া হলে সরকারি দাবি পাওনা আদায় আইন ১৯১৩ অনুযায়ী সার্টিফিকেট মামলা দায়ের করা হয়।<br>» তামাদির ক্ষেত্রে সংশ্লিষ্ট সার্টিফিকেট কর্মকর্তার অনুমতি সাপেক্ষে রেন্ট সার্টিফিকেট মামলা দায়ের করা হয়। | ১। সতর্কীকরণ নোটিশ ও লাল নোটিশ<br>২। ৭ ধারা নোটিশ ও ৪৬ ধারা নোটিশ<br>৩। নিলাম ইস্তেহার ও নিলামকরণ (১ টাকা প্রদানে খাসকরণ) | উপজেলা ভূমি অফিস |


**সহকারী কমিশনার (ভূমি)**
শেরপুর, বগুড়া
মোবাইলঃ ০১৭৩৩-৩৩৫৪২৮
ই-মেইলঃ aclandsherpurbogra01@gmail.com